# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# F UNIT

## আইন অনুষদ

পানকৌড়ি

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট : F)
### শিক্ষাবর্ষ : ২০২০-২১ [Set - A]

### বাংলা

**01.** বাংলা স্বরধ্বনিতে হ্রস্ব স্বরের সংখ্যা কয়টি?
A. ২ টি B. ৪ টি C. ৬ টি D. ৮ টি

ব্যাখ্যা : বাংলা স্বরধ্বনিতে হ্রস্বস্বর- ৪টি। যথা: অ, ই, উ, ঋ।
**Ans : B.**

**02.** 'কলমের লেখা সহজে মোছে না'- চিহ্নিত অংশটুকু কোন কারকে কোন বিভক্তি?
A. করণে ষষ্ঠী B. করণে ৭মী C. সম্প্রদানে ৭মী D. কর্মে ৭মী

ব্যাখ্যা : 'করণ' শব্দের অর্থ: যন্ত্র, সহায়ক, উপায়। বাক্যে ক্রিয়া সম্পাদনের যন্ত্র, সহায়ক বা উপকরণকে করণ কারক বলে।
যথা- 'কলমের লেখা সহজে মোছে না। (করণে ৬ষ্ঠী বিভক্তি)
'অরুণ আলোয় শুকতারা গেল মিলিয়ে। (করণে ৭মী)
**Ans : A.**

**03.** 'বন্যার্ত' কোন সমাসের উদাহরণ?
A. কর্মধারয় সমাস B. তৃতীয়া তৎপুরুষ
C. তৎপুরুষ D. বহুব্রীহি

ব্যাখ্যা : যে তৎপুরুষ সমাস দ্বারা, দিয়ে, কর্তৃক ইত্যাদি বিভক্তি দ্বারা নিষ্পন্ন হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ বলে।
যথা- বন্যা দ্বারা ঋত = বন্যার্ত।
মধু দিয়ে মাখা = মধুমাখা।
**Ans : B.**

**04.** 'বিবাদ' শব্দের বিপরীতার্থক হলো-
A. সুবাদ B. সুবোধ C. বন্ধু D. মিলনান্ত

ব্যাখ্যা : কতিপয় বিপরীতার্থক শব্দ-

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| বিবাদ | সুবাদ, মিত্রতা | মিলন | বিচ্ছেদ |
| বন্ধু | শত্রু | মিলনান্ত | বিয়োগান্ত |
| সুবোধ | অবোধ | মহাজন | খাতক |

**Ans : A.**

**05.** শুদ্ধ বাক্য কোনটি?
A. বাহুল্যতা বর্জন করবে। B. বহুময়তা বর্জন করবে।
C. বহুল্য বর্জন করবে। D. বাহুল্য বর্জন করবে।

ব্যাখ্যা : কতিপয় বাক্যের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ রূপ | শুদ্ধ রূপ |
|---|---|
| বাহুল্যতা বর্জন করবে | বাহুল্য বর্জন করবে |
| সৃতি দিয়েই জ্ঞানের ধারাবাহিকতা | স্মৃতি দিয়েই জ্ঞানের ধারাবাহিকতা |
| পুলিস দলের নেতা সাবেকী আমলের মানুষ | পুলিশ দলের নেতা সাবেকি আমলের মানুষ |
| রাজবন্দীদের মুক্তি চায় | রাজবন্দিদের মুক্তি চাই |

**Ans : D.**

**06.** 'ঈষৎ কম্পিত' এর সংকুচিত রূপ হলো-
A. ধূসর B. আধুত C. আপীত D. কবোষ্ণ

ব্যাখ্যা : কতিপয় বাক্যসংকোচন-

| বাক্য | সংকুচিত রূপ | বাক্য | সংকুচিত রূপ |
|---|---|---|---|
| ঈষৎ কম্পিত | আধুত | ঈষৎ নীলবর্ণ | নীলাভ |
| ঈষৎ উষ্ণ | কবোষ্ণ | ঈষৎ বক্র | বঙ্কিম |
| ঈষৎ রক্তবর্ণ | আরক্ত | ঈষৎ হাস্য | স্মিত |
| ঈষৎ পাণ্ডু বর্ণ | ধূসর | ঈষৎ পীতবর্ণ | আপীত |

**Ans : B.**

**07.** 'In season and out of season' প্রবাদটির অর্থ-
A. ঋতুভিত্তিক B. সময়ভিত্তিক C. এককালীন D. যখন-তখন

ব্যাখ্যা : কতিপয় প্রবাদের অর্থ-

| | |
|---|---|
| In season and out of season | যখন-তখন। |
| Morning shows the day | উঠন্ত মূলো পত্তনে চেনা যায়। |
| Pearls before swine | উলুবনে মুক্তো ছড়ানো। |
| Every dog is a lion at home | আপন গায়ে কুকুর রাজা। |

**Ans : D.**

**08.** 'Census' শব্দের পারিভাষিক রূপ হলো-
A. কর B. মূলধন C. আদমশুমারি D. জন্মহার

ব্যাখ্যা : কতিপয় পারিভাষিক শব্দ-

| | | | |
|---|---|---|---|
| Census | আদমশুমারি | Global | বৈশ্বিক |
| Abstract | বিমূর্ত | Act | আইন |
| Aid | সাহায্য | Analysis | বিশ্লেষণ |
| Architect | স্থপতি | Arrear | বকেয়া |

**Ans : C.**

**09.** কোন শব্দটির স্ত্রীবাচক শব্দ নেই?
A. সিংহ B. নর C. কাপুরুষ D. সম্রাট

ব্যাখ্যা : কতিপয় নিত্য-পুরুষবাচক শব্দ:
রাষ্ট্রপতি, কাজী, কাপুরুষ, কুস্তিগীর, কবিরাজ, পুরোহিত, জামাতা, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, ঢাকী, বিচারপতি, সেনাপতি।
**Ans : C.**

**10.** 'বিড়াল' রচনায় অত্যন্ত কৃপণও কখন ঘুমায় না?
A. জনগণ বিদ্রোহী হলে B. খাদ্যের অভাব হলে
C. রাজা ফাঁপরে পড়লে D. উদরপূর্তি না হলে

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans :C.**

**11.** 'অপরিচিতা' গল্পে গয়না মাপা কিসের প্রকাশ?
A. অহমিকা B. চতুরতা C. হীনমন্যতা D. দায়িত্ববোধ

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পে 'গয়না মাপা' অনুপমের মামার হীনমন্যতারই প্রকাশ। তাই কল্যাণীর পিতা শম্ভুনাথ সেন বলেন- "আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারি না।"
**Ans : C.**

**12.** 'চাষার দুক্ষু' প্রবন্ধে কৃষক কন্যার নাম কি?
A. জরিনা B. আমিরন C. জরিমন D. জমিরন

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : D.**

**13.** 'বায়ান্নর দিনগুলো' কার লেখা?
A. কাজী নজরুল ইসলাম B. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
C. জাহানারা ইমাম D. সৈয়দ শামসুল হক

ব্যাখ্যা : 'বায়ান্নর দিনগুলো' রচনা সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। |
| ধরন | স্মৃতিকথা। |
| ভাষারীতি | চলিত। |
| উৎস | বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২)। |

**Ans : B.**

**14.** মেঘনাদের যজ্ঞাগারের নাম কী?
A. রক্ষঃপুর B. নন্দন কানন C. লঙ্কাপুরী D. নিকুম্ভিলা

ব্যাখ্যা : নিকুম্ভিলা যজ্ঞাগার: লঙ্কাপুরীতে মেঘনাদের যজ্ঞস্থান। এখানে যজ্ঞ করে মেঘনাদ যুদ্ধে যেত। 'মেঘনাদবধ-কাব্যে' যুদ্ধযাত্রার প্রাক্কালে নিরস্ত্র মেঘনাদ নিকুম্ভিলা যজ্ঞাগারে ইষ্টদেবতা বৈশ্বানর বা অগ্নিদেবের পূজারত অবস্থায় লক্ষ্মণের হাতে অন্যায় যুদ্ধে নিহত হয়।
**Ans : D.**

শিক্ষার সর্বাধিক পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•শেয়ার

**15.** 'ঐকতান' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যের অন্তর্ভুক্ত?
A. পুনশ্চ B. বলাকা C. সোনার তরী D. জন্মদিনে

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : D.**

**16.** 'তাহারেই পড়ে মনে' কবিতায় প্রকৃতিতে কোন ঋতু আগমনের কথা বলা হয়েছে?
A. বসন্ত B. শরৎ C. শীত D. বর্ষা

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতার কতিপয় তথ্য-
- কবিতাটি প্রথম প্রকাশিত হয় - ১৯৩৫ খ্রিস্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায়।
- এ কবিতায় প্রকৃতিতে আগমনের কথা বলা হয়েছে - বসন্ত ঋতুর।
- এ কবিতায় বিদায়ের কথা বলা হয়েছে - শীত ঋতুর।
- 'ঋতুরাজ' বলা হয়েছে - বসন্তকে।
- কবির মন আচ্ছন্ন হয়ে আছে - রিক্ততার হাহাকারে।

**Ans : A.**

**17.** 'কিংবদন্তি' শব্দের অর্থ কী?
A. গল্প B. জনশ্রুতি C. কাহিনি D. ছড়া

ব্যাখ্যা : 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কিছু শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| কিংবদন্তি | জনশ্রুতি। লোকপরম্পরায় শ্রুত ও কথিত বিষয় যা একটি জাতির ঐতিহ্যের পরিচয়বাহী। |
| শ্বাপদ | হিংস্র মাংসাশী শিকারি জন্তু। |
| বিচলিত স্নেহ | আপনজনের উৎকণ্ঠা। |
| কর্ষিত | যা কর্ষণ বা চাষ করা হয়েছে। |

**Ans : B.**

**18.** 'লালসালু' কোন ধরনের উপন্যাস?
A. ঐতিহাসিক B. আঞ্চলিক C. আধ্যাত্মমূলক D. সামাজিক

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাস সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | সৈয়দ ওয়ালীউল্লাহ। |
| ধরন | সামাজিক সমস্যামূলক উপন্যাস। |
| প্রথম প্রকাশ | ১৯৪৮ সালে। প্রকাশক: মুহাম্মদ আতাউল্লাহ। |
| ইংরেজি অনুবাদ | 'Tree without Roots' নামে (১৯৬৭)। অনুবাদক- লেখক নিজে। |

**Ans : D.**

**19.** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর 'বোধোদয়' গ্রন্থ শুরু করেন-
A. গীতার শ্লোক দিয়ে B. পদার্থের সংজ্ঞা দিয়ে
C. বিধবা বিবাহের পক্ষে যুক্তি দিয়ে D. সরকারের সমালোচনা করে

ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বোধোদয়' গ্রন্থের শুরু এভাবে- "আমরা ইতস্ততঃ যে সমস্ত বস্তু দেখিতে পাই সে সমুদায়কে পদার্থ কহে। পদার্থ তিন প্রকার- চেতন, অচেতন, উদ্ভিদ।"
**Ans : B.**

**20.** রবীন্দ্রনাথ ঠাকুরের আনুষ্ঠানিক স্কুল জীবনের সূচনা হয়-
A. কলকাতার ওরিয়েন্টাল সেমিনারিতে
B. সংস্কৃত কলেজে
C. ফোর্ট উইলিয়াম কলেজে
D. বেথুন কলেজে

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের আনুষ্ঠানিক স্কুল জীবনের সূচনা হয় কলকাতার ওরিয়েন্টাল সেমিনারিতে। এছাড়া নর্ম্যাল স্কুল, বেঙ্গল অ্যাকাডেমি এবং সেন্ট জেভিয়ার্স কলেজিয়েট স্কুলে তিনি কিছুদিন পড়াশোনা করেছিলেন কিন্তু বিদ্যালয়-শিক্ষায় অনাগ্রহী হওয়ায় বাড়িতেই গৃহশিক্ষক রেখে তাঁর শিক্ষার ব্যবস্থা করা হয়েছিল।
**Ans : A.**

## English

***Read the following passage carefully and answer [Qq. 21-25]***

The crystal clear, blue water and the magnificent sun make the Caribbean island of Saint Maarten a favorite vacation spot, one that is popular with North Americans during their winter holidays from December through March, as well as with South Americans and Europeans from April through August. The French and Dutch settled on the island in the 1600s, and to this day, the island is divided between the two of them. The French capital is Marigot; the Dutch capital is Philipsburg. Tourists soon discover that St. Maarten has an intriguing history. Ancient artifacts found on the island date back to the Stone Age, 6,000 years ago! Tourists also learn that 1,200 years ago the Arawak Indians inhabited all the islands of the West Indies and were a peaceful people living under the guidance of their chiefs. Three hundred years after the Arawaks first arrived on St. Maarten, in the 1300s, they were defeated and forced to abandon the island by a hostile tribe of Indians originating in South America. This new tribe was called the Carib. The Caribbean Sea was named after them. Unlike the Arawaks, they had no permanent chiefs or leaders, except in times of strife. And they were extremely warlike. Worse, they were cannibalistic, eating the enemy warriors they captured. In fact, the very word cannibal comes from the Spanish name for the Carib Indians. The Spanish arrived in the fifteenth century and, unfortunately, they carried diseases to which the Indians had no immunity. Many Indians succumbed to common European illnesses; others died from the hard labor forced upon them.

**21.** **One can infer from the passage that the Stone Age people lived on St. Maarten around the year_____.**
A. 6000 BC B. 4000 BC C. 800 AD D. 1300 AD

ব্যাখ্যা : Passage এর উত্তর করার জন্য আগে passage এর questions পড়তে হবে। তারপর passage পড়ার সময় questions সম্পর্কিত sentence গুলো mark করতে হবে। The stone age people সম্পর্কে বলা আছে - Ancient artifacts found on the island date back to Stone Age, 6000 years ago!
এইজন্য Answer হবে অপশন (A)।
**Ans : A.**

**22.** **Which of the following is not true about the Carib Indians?**
A. The sea was named after them.
B. They were peaceful fishermen, hunters, and farmers.
C. They ate human flesh.
D. They settled after defeating the Arawak Indians.

ব্যাখ্যা : Passage এর শেষের part টিতে Carib Indians সম্পর্কে আলোচনা করা আছে। তারা Arawak Indians- দের পরাজিত করে। তাদের নামানুসারে Sea এর নাম Caribian Sea রাখা হয়। তারা তাদের শত্রুদের পরাজিত করে তাদের মাংস (human flesh) খায়। তবে passage অনুসারে তারা- Peaceful fishermen, hunters and farmers ছিলেন না। তাই answer হবে অপশন (B)।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
প্রশ্নব্যাংক-ক্লাস-পরীক্ষা-PDF-তথ্য-কোর্স-কেয়ার

**23.** **According to the passage, the Carib Indians were finally defeated by-**
A. sickness and forced labor.
B. the more aggressive Arawak tribe.
C. the Dutch West India Company.
D. the French explorers.

ব্যাখ্যা : Passage এর শেষের ৩টি sentence ভালো করে পড়তে হবে। সেখানে বলা আছে - The Spanish arrived in the fifteenth century, and unfortunately, they carried diseases to which the Indians had no immunity. Many Indians succumbed to common European illness; others died from the hard labor forced upon them. অর্থাৎ, তারা sickness and forced labor এর কাছে পরাজিত হয়।
Ans : A.

**24.** **One can infer from the passage that the underlined word strife means-**
A. cannibalism B. war C. duty-free D. chief

ব্যাখ্যা : Passage এ বলা আছে - Unlike the Arawaks, they had no permanent chiefs or leaders, except in times of strife. Sentence অনুসারে strife অর্থ- শত্রুতা, বিবাদ, দ্বন্দ্ব (War)।
Ans : B.

**25.** **According to the article, present-day St. Maarten**
A. belongs to the Spanish.
B. is independent.
C. is shared by the French and the Dutch.
D. is part of the U.S. Virgin Islands.

ব্যাখ্যা : Passage অনুসারে - The French and Dutch settled on the island in the 1600s, and to this day, the island is divided between the two of them. এইজন্য According to the article, present-day St. Maarten is shared by the French and the Dutch.
Ans : C.

**26.** **She showed a blatant disregard for the rules. What does the underlined word mean?**
A. obvious B. hidden C. last-minute D. rebellious

ব্যাখ্যা : Blatant - অত্যন্ত স্পষ্ট/ভীষণ।
**Blatant এর কিছু Synonym এবং Antonym:**
**Synonyms:** Obvious, Overt, Open, Sheer, Clear, Evident.
**Antonyms:** Concealed, Silent, Hidden, Secret, Quiet.
Ans : A.

**27.** **Interest : Obsession::**
A. Mood : Feeling B. Weeping : Sadness
C. Dream : Fantasy D. Highlight : Indication

ব্যাখ্যা : Interest (আগ্রহ) : Obsession (আবেশ)
Dream (স্বপ্ন) : Fantasy (কল্পনা)
Obsession is a greater degree of interest.
Fantasy is a greater degree of dream.
Ans : C.

**28.** **The richness of Asian cultures is reflected in ___ arts and literature.**
A. theirs B. their C. it's D. its

ব্যাখ্যা : It's = It is
Its = adjective/determiner
Its + Noun হয়। The richness of Asian Cultures এখানে richness হলো head word এবং এটি singular। তাই এর determiner হিসেবে its বসবে। কারণ Gap এর পরে noun আছে।
Ans : D.

**29.** **I wonder if ___ of our neighbours would look after our cat while we are away.**
A. the whole B. few C. either D. every

ব্যাখ্যা : প্রদত্ত প্রশ্নের gap এ few বসবে। বাক্যটির অর্থ- 'আমি অবাক হব যদি আমাদের কোন প্রতিবেশি আমাদের কুকুরকে দেখাশোনা করে যখন আমরা বাইরে থাকব।'
Ans : B.

**30.** **What is the passive form of the sentence- "We must endure what we cannot cure"?**
A. What cannot cured must endured.
B. What could be cure must be endured.
C. What we cure must be endured.
D. What cannot be cured must be endured.

ব্যাখ্যা : Active voice-এ we, people প্রভৃতি থাকলে passive voice এ object হিসেবে উহ্য থাকতে পারে। Active voice এ must + $v_1$ (base form) থাকলে passive voice এ must be + $v_3$ হয়। আর অন্য নিয়ম একই থাকবে।
Ans : D.

**31.** **The pilot said to the passengers, "Please don't panic but tighten your seat belts." What is the indirect form of this sentence?**
A. The pilot told to the passengers that they should not panic but tighten the seat belts.
B. The pilot told the passengers to not panic but to tighten their seat belts instead.
C. The pilot told the passengers not to panic but to tighten your seat belts.
D. The pilot told the passengers not to panic but tighten their seat belts.

ব্যাখ্যা : Reported Speech এ Verb দিয়ে Sentence শুরু হওয়ায়- Imperative Sentence এর নিয়মে Indirect করতে হবে। যেহেতু Speech টি Negative তাই Inverted Comma উঠিয়ে দিয়ে not to + $v_1$ বসাতে হবে। আর অন্য নিয়মগুলো একই থাকবে।
→ The pilot told the passengers not to panic but tighten their seat belts.
Ans : D.

**32.** **Which of the following is correctly spelt?**
A. vegeterian B. vegetarian
C. vegetarean D. vegitarean

ব্যাখ্যা : **Correct Spelling হলো-** Vegetarian (নিরামিষাশী)।
**Some Important Correct Spellings:**
Vaccination, Vacillate, Vassal, Ventilator, Varsatile, Vigilant, Visionary, Volunteer, Vulnerable etc.
Ans : B.

**33.** **The attorney wanted to expedite the process because her client was becoming impatient. What does the underlined word mean?**
A. accelerate B. evaluate
C. reverse D. justify

ব্যাখ্যা : Expedite - তরান্বিত করা/দ্রুত করা।
**Expedite এর গুরুত্বপূর্ণ কিছু Synonym & Antonym:**
**Synonyms:** Accelerate, Quicken, Hasten, Hurry, Speed up.
**Antonyms:** Delay, Slow, Retard, Hinder, Stop, Halt, Block.
Ans : A.

শিক্ষার সমস্ত প্রাঙ্গণ
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**34. Choose the correct sentence.**
A. After reading the original study, the article remains unconvincing.
B. Relieved of your responsibilities at your job, your home should be a place to relax.
C. The experiment was a failure, not having studied the lab manual carefully.
D. After reading the great new book, Hassan thought the movie based on it was sure to be exciting.

ব্যাখ্যা : এটি Dangling Modifier এর উদাহরণ। এখানে বই পড়ার কাজটি করেছেন Hassan তাই subject টি কমার পরপরই বসবে।
**Dangling modifier:** After reading the great new book, the movie based on it was sure to be exciting.
**Correction:** After reading the great new book, Hassan thought the movie based on it was sure to be exciting.
**Ans : D.**

**35. Coercion sometimes leads to the___ of short- term goals, but its drawbacks far ___ its advantages.**
A. realization/damage B. appreciation/percolate
C. accomplishment/outweigh D. achievement/crumble

ব্যাখ্যা : Accomplishment (N.) - সম্পাদন/অভীষ্টপূরণ।
Outweigh (V.) - ছাড়িয়ে যাওয়া।
বাক্যটির অর্থ- ভয়ভীতি কখনও কখনও স্বল্পমেয়াদী লক্ষ্য সম্পাদন করে কিন্তু এটির ত্রুটি সমূহ এটির সুবিধাগুলোকে মুঁছে ফেলে।
**Ans : C.**

**36. Green pepper is very rich__ vitamin C.**
A. of B. with C. in D. on

ব্যাখ্যা : Rich in - সমৃদ্ধ, বেশি পরিমাণ থাকা।
Green pepper is very rich in vitamin C.
→ সবুজ মরিচ ভিটামিন সি সমৃদ্ধ।
**Ans : C.**

**37. They ___ on time if they __ missed the train.**
A. would arrived / hadn't B. might have arrived / hadn't
C. had arrived / hadn't D. could arrived / hadn't

ব্যাখ্যা : 3rd conditional এর নিয়মানুসারে - If + subject + had + $v_3$ ..... subject + would/should/might + have + $v_3$ .... হয়।
অর্থাৎ- They might have arrived on time if they hadn't missed the train.
**Ans : B.**

**38. Which of the following sentences is correct?**
A. The young lady sitting on the chair, wearing a neon blue t-shirt.
B. My younger brother drank the whole carton of milk in one go.
C. The man that gave a long introduction in class.
D. Because John said so.

ব্যাখ্যা : Option (B) তে Finite verb এর সঠিক ব্যবহার হয়েছে। Subject + verb + object + extension এর নিয়মানুসারে Option (B) হচ্ছে সঠিক।
→ My younger brother drank the whole carton of milk in one go.
**Ans : B.**

**39. What is the verb form of the word 'able'?**
A. to able B. abled C. enable D. ability

ব্যাখ্যা : Able (Adjective) - সক্ষম, সমর্থ।
Enable (Verb) - সক্ষম করা। Ability (Noun) - ক্ষমতা, সক্ষমতা।
**Ans : C.**

**40. Mr. Alex: I wish I hadn't criticised Mark's drawings yesterday because he hasn't spoken to me today. Do you think he'll come to my party on Friday?**
**Ms. Merry: Possibly, he___ you by then.**
A. has forgiven B. was able to forgive
C. might have forgiven D. must have forgiven

ব্যাখ্যা : Might ব্যবহৃত হয় সম্ভাবনা (Possibility) অর্থে। প্রদত্ত প্রশ্নে gap এ তাই might have forgiven হবে।
**Ans : C.**

## General Knowledge and Aptitude

**41. Bangabandhu Sheikh Mujibur Rahman was expelled from the University of Dhaka in early 1949 on the allegation of**
A. joining in student politics.
B. his delayed attendance in class.
C. sedition.
D. inciting the fourth-class employees in their agitation against the University authority.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন - ১৯৪৭ সালে।
- বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন - আইন বিভাগে।
- বঙ্গবন্ধু ছিলেন - সলিমুল্লাহ মুসলিম হলে।
- বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত হন - ১৯৪৯ এর এপ্রিলে।
- বঙ্গবন্ধু বহিষ্কৃত হওয়ার কারণ - চতুর্থ শ্রেণীর চাকুরীজীবীদের অধিকার আদায়ের দাবীতে আন্দোলন করায়।

**Ans : D.**

**42. Who has decoded the genome sequence for the novel coronavirus, Sars-Cov2, for the first time in Bangladesh?**
A. Zafrullah Chowdhury
B. Maqsudul Alam
C. Prof. Zeba Seraj
D. Samir kumar Saha and Senjuti Saha

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলাদেশে প্রথম করোনা ভাইরাসের জিনোম আবিষ্কার করেন - সমীর কুমার সাহা এবং সেঁজুতি সাহা।
- জীবের জিনগত বৈশিষ্ট্যের বিন্যাস বা নকশা হলো - জিনোম।
- বংশগতির সব বৈশিষ্ট্যই নিয়ন্ত্রিত হয় - এক বা একাধিক জিনের মাধ্যমে।
- করোনার জিনোম সিকোয়েন্সিং করে - চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন।
- করোনা ভাইরাসের সর্বশেষ ভেরিয়েন্ট (জানু-২০২২) - ওমিক্রন।

**Ans : D.**

**43. UNESCO has decided to celebrate the Mujib year jointly with Bangladesh at its____.**
A. 40th General Assembly B. 45th General Assembly
C. 47th General Assembly D. 50th General Assembly

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ইউনেস্কোর সদর দপ্তর অবস্থিত - ফ্রান্সের প্যারিসে।
- ইউনেস্কোর ৪০তম অধিবেশন হয় - ২৫ নভেম্বর ২০১৯।
- ইউনেস্কো মুজিববর্ষ পালনের ঘোষণা দেয় - ৪০তম অধিবেশনে।
- ইউনেস্কোর ৪০তম অধিবেশনের সভাপতি - মি.আলতে সেনজাইজার।
- ২০১৯ সালের ইউনেস্কো মহাপরিচালক - মিজ অদ্রে আজুলে।

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**44. Padma multipurpose bridge will connect____.**

A. Munshiganj to Shariatpur B. Bhuapur to Sirajganj
C. Manikganj to Shariatpur D. Munshiganj to Bhuapur

ব্যাখ্যা : পদ্মা ব্রিজ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- পদ্মা ব্রিজ সংযুক্ত করবে - মুন্সিগঞ্জ ও শরীয়তপুর।
- পদ্মা ব্রিজের পিলার সংখ্যা - ৪২টি।
- পদ্মা ব্রিজের দৈর্ঘ্য ও প্রস্থ - ৬.১৫ কি.মি. এবং ১৮.১০ মিটার।
- পদ্মা সেতুর ভূমিকম্প সহনীয় মাত্রা - ০৯ রিখটার স্কেল।
- বিশ্বে পদ্মা সেতুর অবস্থান - ২৫তম (বৃহত্তম)।

Ans : A.

**45. What is the name of the Parliament of Bangladesh?**

A. National Parliament B. House of the Commons
C. Congress D. House of the Nation

ব্যাখ্যা : জাতীয় সংসদ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জাতীয় সংসদের ইংরেজি নাম - House of the Nation.
- বাংলাদেশের জাতীয় সংসদ - এক কক্ষ বিশিষ্ট আইনসভা।
- জাতীয় সংসদের মেয়াদ বাড়ানো যায় (যুদ্ধের ক্ষেত্রে) - ১ বছর।
- ১৯৭২ এর সংবিধান মতে সংসদে নারীদের সংরক্ষিত আসন - ১৫টি।
- ১৯৮৮ সালে ৪র্থ জাতীয় সংসদে ছিলনা - মহিলাদের আসন।

Ans : D.

**46. Which sector was under the command of Chitta Ranjan Dutta during the Liberation War?**

A. Sector 10 B. Sector 11 C. Sector 4 D. Sector 5

ব্যাখ্যা : 'চিত্ত রঞ্জন দত্ত' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্মসাল-মৃত্যুসাল - ১৯২৭-২০২০ সাল।
- ১৯৭১ সালে তাঁর অধীনে ছিল - ৪ নং সেক্টর।
- মুক্তিযুদ্ধে অবদানের জন্য তাঁকে উপাধি দেওয়া হয় - বীর উত্তম।
- বাংলাদেশ রাইফেলস প্রতিষ্ঠা করেন - চিত্ত রঞ্জন দত্ত।
- চিত্ত রঞ্জন দত্ত অবসর নেন - ১৯৮৪ সালে।

Ans : C.

**47. Who are the state parties of the Abraham Accords?**

A. United States of America and North Korea
B. United States of America and Mexico
C. Israel and United Arab Emirates
D. Israel and Egypt

ব্যাখ্যা : 'আব্রাহাম চুক্তি' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- আব্রাহাম চুক্তি হয় - ইসরায়েল ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে।
- আব্রাহাম চুক্তি সাক্ষরিত হয় - ১৩ই আগস্ট, ২০২০।
- সংযুক্ত আরব আমিরাত স্বাধীন হয় - ১৯৭১ সালে।
- উপসাগরীয় যুদ্ধ সংঘটিত হয় - ১৯৯০ সালে।
- ইসরায়েলের সাথে আরবদেশের চুক্তি হয় - মোট ৩টি।

Ans : C.

**48. If it is true that 'religious fundamentalism is dangerous to the society', which one of the following statements is also true?**

A. Religion without reason is dangerous to the society.
B. Belief in religion is dangerous to the society.
C. Religious pluralism is dangerous to the society.
D. Disrespect for other religions is dangerous to the society.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ধর্ম নিরপেক্ষতাবাদকে ইংরেজিতে বলে - Secularism।
- সাধারণভাবে ধর্মনিরপেক্ষতা বলতে বোঝায় - ধর্ম ও রাষ্ট্রের আলাদারূপে প্রকাশ।
- ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রে গুরুত্ব দেওয়া হয় - ধর্মীয় স্বাধীনতাকে।
- বলা হয়ে থাকে ধর্ম যার যার, রাষ্ট্র - সবার।
- অন্য ধর্মের প্রতি অশ্রদ্ধ এবং নিজ ধর্মের প্রতি গোড়ামিভাব - সমাজের জন্য ক্ষতিকর।

Ans : D.

**49. In 2021, Nobel Prize in medicine has been awarded for**

A. identifying receptors that enable the body's cells to sense temperature and touch.
B. discovering the molecular basis for our ability to sense temperature.
C. identifying receptors that allow the body's cells to see.
D. discovering the molecular basis for our ability to hear.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ২০২১ সালে চিকিৎসায় নোবেল পুরস্কার পায় - ডেভিড জুলিয়াস এবং আরডেম পাটাপৌসিয়ান।
- ২০২২ সালে চিকিৎসায় নোবেল পান জিন বিজ্ঞানী সাভান্তে পাবো।

Ans : A.

**50. Air Quality Index (AQI) is**

A. a management system to control air pollution.
B. a tool for checking compliance with air quality standards.
C. an index to reduce level of air pollution.
D. an index for reporting air quality.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- Air Quality Index হলো - বাতাসের মানের রিপোর্ট।
- AQI এর উদ্দেশ্য - স্থানীয় বায়ুর গুণমান কিভাবে মানুষের স্বাস্থ্যকে প্রভাবিত করছে তা মানুষকে জানানো।
- AQI এর মান যত বেশি হবে - বায়ু দূষণের মাত্রা তত বেশি হবে।
- AQI জানাতে বিভিন্ন দেশ ব্যবহার করে - বিভিন্ন পয়েন্টের স্কেল।
- ভারত এবং আমেরিকা ব্যবহার করে - ৫০০ পয়েন্টের স্কেল।

Ans : D.

**51. The Amazon does not face threats from**

A. illicit mining operations.
B. expansion of anthropogenic territories.
C. agricultural development.
D. geospatial analysis.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- আমাজন বনের নামকরণ করেন - স্প্যানিশ পর্যটক ফ্রান্সেসকো।
- আমাজন নামের উৎপত্তি - গ্রিক পুরাণ থেকে।
- আমাজন বনে তৈরি হওয়া অক্সিজেনের পরিমাণ - বিশ্বের মোট অক্সিজেনের ২০ শতাংশ।
- আমাজনের আয়তন - প্রায় ৫৫ লাখ বর্গ কিলোমিটার।
- আমাজন বনের জন্য ক্ষতিকর নয় - ভূ-স্থানিক বিশ্লেষণ।

Ans : D.

**52. Which country does not plan to phase out the sale of fossil fueled vehicles by 2030?**

A. United States B. United Kingdom
C. China D. Canada

Ans : A.

শিক্ষার সবকিছু পানকৌড়ি
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**53. What does COVAX stand for?**

A. The COVID-19 Vaccines Global Access
B. The COVID-19 Vaccine Access Global
C. The COVID-19 Vaccine Program
D. The COVID-19 Vaccines Open Access

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- COVAX = The COVID-19 Vaccines Global Access.
- COVAX উদ্যোগটি শুরু হয় - এপ্রিল, ২০২০ সালে।
- COVAX এ যুক্ত হয় ১৮৪টি দেশ - ১৯ অক্টোবর, ২০২০ সালে।
- COVAX ভেক্সিন বন্টন শুরু করে - ফেব্রুয়ারি, ২০২১ সালে।
- COVAX মূলত গঠন করে - পশ্চিমা দেশগুলো।

Ans : A.

**54. Which one of the following writers has written under the pen name 'Robert Galbraith'?**

A. Arthur C. Clarke — B. Stephen King
C. Salman Rushdie — D. Joanne Rowling

ব্যাখ্যা : 'Joanne Rowling' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্মসাল - ৩১ জুলাই, ১৯৬৫ সাল।
- ছদ্মনাম - J.K. Rowling এবং Robert Galbraith.
- পেশা - লেখক, পরোপকারী, চলচ্চিত্র প্রযোজক, চিত্রনাট্যকার।
- বিখ্যাত কর্ম - হেরি পটার সিরিজ এবং কর্মরান স্ট্রাইক সিরিজ।
- জাতীয়তা - ব্রিটিশ।

Ans : D.

**55. Which sport has made its debut in Tokyo Olympics 2020?**

A. Fencing — B. Karate
C. Judo — D. Equestrian

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- টোকিও অলিম্পিক ২০২০ শুরু হয় - ২৩ জুলাই, ২০২১ সালে।
- টোকিও অলিম্পিক ২০২০-এ নতুন খেলা যুক্ত হয়েছে - ০৫টি (সার্ফিং, স্পোর্ট ক্লাইমবিং, স্কেট বোর্ডিং, ক্যারাটে, বেস বল এবং সফটবল)।
- টোকিও অলিম্পিক ২০২০ ছিলো - ৩২তম আসর।
- নীতিবাক্য - আবেগ দ্বারা ঐক্যবদ্ধ।
- উদ্বোধনকারী - সম্রাট নারুহিতো।

Ans : B.

**56. Which instrument is used for seeing objects at the surface of water from a submarine under water?**

A. Kaleidoscope — B. periscope
C. spectroscope — D. telescope

ব্যাখ্যা : Submarine (ডুবোজাহাজ) সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জলের নিচে চলাচলে সক্ষম ও স্বাধীনভাবে বিচরণকারী নৌযানকে বলে - সাবমেরিন বা ডুবোজাহাজ।
- সাবমেরিনের ব্যাপকভাবে ব্যবহার লক্ষ্য করা যায় - ১ম বিশ্বযুদ্ধে।
- ব্যবহার - সমুদ্র বিজ্ঞানে, উদ্ধার তৎপরতা, অনুসন্ধান কার্যক্রম, পরিদর্শন এবং রক্ষণাবেক্ষণে।
- ডুবোজাহাজগুলো সাধারণত আকারে - নলের মতো।
- সাবমেরিন থেকে পানির উপরিতল দেখা হয় - পেরিস্কোপের সাহায্যে।

Ans : B.

**57. When asked in an one hour exam how much time is left, the teacher answered that the amount of time left is $\frac{1}{5}$ of the time already completed. How much time is left?**

A. 10 minutes — B. 20 minutes
C. 12 minutes — D. 15 minutes

ব্যাখ্যা : ১ ঘণ্টা = ৬০ মিনিট।

৬০ মিনিটের $\frac{১}{৫}$ অংশ = $\frac{১ \times ১২}{৫ \times ১২} = \frac{১২}{৬০}$ = ১২ মিনিট।

Ans : C.

**58. The agreement according to which the UK, the USA and the former USSR cannot assist other countries in acquiring technology to develop nuclear weapons is known as___.**

A. Izmir Treaty
B. Nuclear Non-proliferation Treaty (NPT)
C. both (A) and (B)
D. None of the above

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- পারমাণবিক অস্ত্রের বিস্তার নিয়ন্ত্রণ চুক্তি হয় - ১৯৬৮ সালে।
- এই চুক্তিতে সাক্ষরকারী রাষ্ট্রসংখ্যা - ১৮৯টি।
- চুক্তি স্বাক্ষরের স্থান - নিউ ইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- চুক্তি কার্যকর হয় - ০৫ই মার্চ, ১৯৭০ সালে।
- শর্ত - যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র এবং রাশিয়া পারমাণবিক অস্ত্রের বিস্তারে সাহায্য করতে পারবে না।

Ans : B.

**59. What does VPN stand for?**

A. Virtual Protected Network.
B. Virus Protected Network.
C. Virus Proof Network.
D. Virtual Private Network.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু Abbreviation-
- VPN - Virtual Private Network.
- VCT - Voluntary Counselling and Testing.
- VD - Venereal Disease.
- VPP - Value Payable Post.
- VSO - Voluntary Service Overseas.

Ans : D.

**60. What are embedded computers?**

A. They are super computers.
B. They have keyboards and drives.
C. They have monitors.
D. They are miniature computers built to control drives.

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ইমবেডেড কম্পিউটার হলো - কম্পিউটার যন্ত্রের অংশ।
- ইমবেডেড কম্পিউটার কাজ করে - নির্দিষ্ট কিছু (এক বা একাধিক)।
- ইমবেডেড কম্পিউটারের উদাহরণ - মাদারবোর্ড।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট : F)
### শিক্ষাবর্ষ : ২০২০-২১ [Set - B]

### বাংলা

**01.** কোনটি মৌলিক স্বরধ্বনি?
A. ঔ B. ই C. ঐ D. সবকয়টি

ব্যাখ্যা : ধ্বনি ও বর্ণ- সম্পর্কিত কতিপয় তথ্য-
- মৌলিক স্বরধ্বনি- ৭টি। যথা- অ, আ, অ্যা, ই, উ, এ, ও ইত্যাদি।
- ঐ, ঔ হলো - যৌগিক স্বরধ্বনি।
- ঐ = অ+ই, ঔ = অ+উ।
- অর্ধ-স্বরধ্বনি - ঋ।

**Ans : B.**

**02.** 'সর্বশিষ্যে জ্ঞান দেন গুরু মহাশয়'- চিহ্নিত অংশটুকু কোন কারকে কোন বিভক্তি?
A. কর্তায় শূন্য B. অধিকরণে ৭মী
C. সম্প্রদানে শূন্য D. কর্মে শূন্য

ব্যাখ্যা : বাক্যে ব্যবহৃত যে কর্তা ক্রিয়া সম্পন্ন করে কিংবা যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্তৃকারক বলে।
যথা: সর্বশিষ্যে জ্ঞান দেন গুরু মহাশয়।

**Ans : A.**

**03.** 'অনাশ্রিত' কোন জাতীয় সমাসবদ্ধ পদ?
A. প্রাদি B. নিত্য C. দ্বিগু D. বহুব্রীহি

ব্যাখ্যা : পূর্বপদের আগে নঞ (না- অর্থবোধক) অব্যয় যোগ করে, যে বহুব্রীহি সমাস গঠিত হয়, তাকে নঞ বহুব্রীহি সমাস বলে।
যথা: নেই আশ্রয় যার = অনাশ্রিত।
ন (নাই) জ্ঞান যার = অজ্ঞান।
অ (নাই) ধৈর্য যার = অধৈর্য।

**Ans : D.**

**04.** 'বিশ্লেষণ' শব্দের বিপরীতার্থক হলো-
A. বন্ধ B. সংগোপন C. বিভাজন D. সংশ্লেষণ

ব্যাখ্যা : কতিপয় বিপরীতার্থক শব্দ-

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| বিশ্লেষণ | সংশ্লেষণ | উষ্ণ | শীতল |
| আগ্রহ | অনাগ্রহ | জ্যোৎস্না | অন্ধকার |
| রোগ | নীরোগ | অতিকায় | ক্ষুদ্রকায় |

**Ans : D.**

**05.** শুদ্ধ বাক্য কোনটি?
A. অশ্রুজলে সিক্ত। B. অশ্রুতে সিক্ত।
C. অশ্রুর পানিতে সিক্ত। D. অশ্রুর জলে সিক্ত।

ব্যাখ্যা : কতিপয় বাক্যের অশুদ্ধ ও শুদ্ধরূপ:

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অশ্রুজলে সিক্ত | অশ্রুতে সিক্ত। |
| তিনি আরোগ্য হইয়াছেন | তিনি আরোগ্য লাভ করেছেন। |
| অপমান হবার ভয় নেই | অপমানিত হবার ভয় নেই। |
| একথা প্রমাণ হয়েছে | একথা প্রমাণিত হয়েছে। |
| সভায় সকল ছাত্ররা এসেছিল | সভায় সকল ছাত্র এসেছিল। |

**Ans : B.**

**06.** 'আত্মাকে অধিকার করে যে' এর সংকুচিত রূপ হলো-
A. আধ্যাত্ম B. অধ্যাত্ম C. আধ্যাত্মিক D. অধ্যাত্মিক

ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ-
- আত্মাকে অধিকার করে যে - অধ্যাত্ম।
- আকাশে চরে যে - খেচর।
- আদি থেকে অন্ত পর্যন্ত - আদ্যন্ত।
- উল্লেখ করা হয় না যা - উহ্য।
- চৈত্র মাসের ফসল - চৈতালি।

**Ans : B.**

**07.** 'Leave no stones unturned' প্রবাদটির অর্থ-
A. চেষ্টার ত্রুটি না করা B. স্পর্শের বাইরে
C. স্পর্শহীন D. পাথর স্পর্শ

ব্যাখ্যা : কতিপয় ইংরেজি প্রবাদ ও বাংলা অর্থ-

| | |
|---|---|
| Leave no stone unturned | চেষ্টায় ত্রুটি না করা। |
| A cat has nine lives | কই মাছের প্রাণ বড়ই শক্ত। |
| Many men, Many minds | নানা মুনির নানা মত। |
| To dig one's own grave | নিজের পায়ে কুড়াল মারা। |

**Ans : A.**

**08.** 'Cabinet' শব্দের পারিভাষিক রূপ হলো-
A. কেন্দ্র B. কাঠের বাক্স C. জাহাজের কক্ষ D. মন্ত্রিপরিষদ

ব্যাখ্যা : কতিপয় পারিভষিক শব্দ-

| | | | |
|---|---|---|---|
| Cabinet | মন্ত্রিপরিষদ | Hood | বোরকা |
| Galaxy | ছায়াপথ | Copyright | লেখস্বত্ব |
| Global | বৈশ্বিক | Dialect | উপভাষা |

**Ans : D.**

**09.** কোন শব্দটির পুরুষবাচক রূপ নেই?
A. বিধবা B. নেত্রী C. ঠাকুরণ D. ঝি

ব্যাখ্যা : কতিপয় নিত্য স্ত্রীবাচক শব্দ - সতীন, দাই, সৎমা, বিধবা, ডাইনি, বাইজি, কলঙ্কিনী, সধবা, শাঁকচুন্নি, কুলটা, এয়ো, ললনা, শাঁখিনী ইত্যাদি।

**Ans : A.**

**10.** 'মার্জার' শব্দের অর্থ কি?
A. বায়স B. মাছরাঙা C. মৌমাছি D. বিড়াল

ব্যাখ্যা : 'বিড়াল' রচনার কতিপয় শব্দার্থ-
- মার্জার- বিড়াল
- যষ্টি- লাঠি
- লাঙ্গুল- লেজ, পুচ্ছ।
- দিব্যকর্ণ- ঐশ্বরিকভাবে শ্রবণ করা।
- জলযোগ- হালকা খাবার, টিফিন।

**Ans : D.**

**11.** 'অপরিচিতা' গল্পে আদর্শ চরিত্র কোনটি?
A. কল্যাণী B. অনুপম C. হরিশ D. বিনু

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের মূল সুর নারীর আত্মপ্রতিষ্ঠার কাহিনি। গল্পের নায়িকা কল্যাণী বিয়ে ভেঙ্গে যাওয়ায় থমকে যায়নি বরং তাকে অনুপ্রাণিত করেছে তার স্বকীয়তা প্রতিষ্ঠিত করতে, গল্পের শেষে আমরা দেখি কল্যাণীর এক নতুন মূর্তি, দেশ সেবার ব্রতে কল্যাণী এক অতিমানবী হয়ে আমাদের ভাবতে শেখায়। তাই, কল্যাণী 'অপরিচিতা' গল্পে একটি আদর্শ চরিত্র।

**Ans : A.**

12. 'চাষার দুক্ষু' প্রবন্ধে লেখিকা দারিদ্র্য বৃদ্ধির কারণ হিসেবে কোনটি নির্দেশ করেছেন?
A. বিলাসিতা B. কুটির শিল্পের বিলোপ ও আলস্য
C. যন্ত্রনির্ভরতা D. দারিদ্র্য

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

**Ans : A.**

**13.** 'বায়ান্নর দিনগুলো' কোন গ্রন্থ থেকে নেয়া?
A. হাঙ্গর নদী গ্রেনেড B. আরেক ফাল্গুন
C. অসমাপ্ত আত্মজীবনী D. একাত্তরের দিনগুলো

ব্যাখ্যা : 'বায়ান্নর দিনগুলো' রচনাটি নেয়া হয়েছে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' থেকে। গ্রন্থটি প্রথম প্রকাশিত ২০১২ সালে।

**Ans : C.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

14. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মূল ভাববস্তু কী?
A. সেনা পরিচালনা B. স্বজন প্রীতি
C. দেশপ্রেম D. ধর্মযুদ্ধ

ব্যাখ্যা : লক্ষ্মণের পাশে চাচা বিভীষণকে প্রত্যক্ষ করে দেশপ্রেমিক নিরস্ত্র মেঘনাদ যে প্রতিক্রিয়া ব্যক্ত করে, সেই কথাই 'বিভীষণের প্রতি মেঘনাদ' অংশে সংকলিত হয়েছে। এ অংশে মাতৃভূমির প্রতি ভালোবাসা এবং বিশ্বাসঘাতকতা ও দেশদ্রোহিতার বিরুদ্ধে প্রকাশিত হয়েছে ঘৃণা।
**Ans : C.**

15. 'ঐকতান' শব্দের অর্থ কী?
A. তানপুরা B. একতারা C. সম্মিলিত সুর D. নদীর উপশাখা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : C.**

16. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবিকে আচ্ছন্ন করে-
A. আনন্দময় যৌবন B. মধুর বর্তমান
C. শৈশবের স্মৃতি D. বিষাদময় রিক্ততা

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির ব্যক্তি জীবনের দুঃখময় ছায়াপাত ঘটেছে। তাঁর সাহিত্য সাধানার প্রধান সহায়ক ও উৎসাহ দাতা স্বামী সৈয়দ নেহান হোসেনের আকস্মিক মৃত্যুতে (১৯৩২) কবির জীবনে প্রচন্ড শূন্যতা নেমে আসে। তাঁর ব্যক্তিজীবন ও কাব্যসাধনার ক্ষেত্রে নেমে আসে এক দুঃসহ বিষণ্ণতা। কবি মন আচ্ছন্ন হয়ে যায় রিক্ততার হাহাকারে। 'তাহারেই পড়ে মনে' কবিতাকে আচ্ছন্ন করে আছে এই বিষাদময় রিক্ততার সুর। তাই বসন্ত এলেও উদাসীন কবির অন্তর জুড়ে রিক্ত শীতের করুণ বিদায়ের বেদনা।
**Ans : D.**

17. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটিতে কোন ভাবটি মুখ্য?
A. স্বাধীনতা রক্ষা না করতে পারার আশঙ্কা
B. পূর্বপুরুষদের প্রতি শ্রদ্ধা
C. শাসক শ্রেণির প্রতি ভীতি
D. শাসকের প্রতি সকলের নতজানু হওয়া

ব্যাখ্যা : 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটিতে প্রকাশ পেয়েছে বাঙালির হাজার বছরের সংস্কৃতির ইতিহাস, ঐতিহ্য, সংগ্রাম, বিজয় ও স্বাধীন-চেতনার বিষয়সমূহ। সবশেষে ব্যক্ত হয়েছে স্বাধীনতা রক্ষা না করতে পারার আশঙ্কা।
**Ans : A.**

18. 'লালসালু' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?
A. ১৯৪৮ B. ১৯৮৩ C. ১৯৬৪ D. ১৯৩৮

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাস সম্পর্কিত কতিপয় তথ্য-

| | |
|---|---|
| লেখক | সৈয়দ ওয়ালীউল্লাহ। |
| ধরন | সামাজিক সমস্যামূলক উপন্যাস। |
| প্রথম প্রকাশ | ১৯৪৮ সালে। প্রকাশক: মুহাম্মদ আতাউল্লাহ। |
| ইংরেজি অনুবাদ | 'Tree without Roots' (১৯৬৭) সালে। অনুবাদক: লেখক নিজে। |

**Ans : A.**

19. কার প্রেরণায় রবীন্দ্রনাথ ঠাকুর 'শিবাজী উৎসব' কবিতা রচনা করেন?
A. বালগঙ্গাধর তিলক B. সখারাম গণেশ দেউস্কর
C. চিত্তরঞ্জন দাস D. মাহাত্মা গান্ধী

ব্যাখ্যা : দেশবাসীকে স্বদেশচেতনায় উদ্বুদ্ধ করার জন্য মহারাষ্ট্রে লোকমান্য বালগঙ্গাধর তিলক উনবিংশ শতাব্দীর শেষভাগে শিবাজী উৎসবের প্রবর্তন করেন। ১৩০৯ বঙ্গাব্দে সখারাম গনেশ দেউস্কর কলকাতায় মহারাষ্ট্রের এই 'শিবাজী উৎসব'কে বঙ্গদেশে প্রচলনে উদ্যোগী হন। তাঁর অনুরোধে রবীন্দ্রনাথ 'শিবাজী উৎসব' কবিতা রচনা করেন।
**Ans : B.**

20. কাজী নজরুল ইসলাম 'রাজবন্দীর জবানবন্দী' দিয়ে কত দিন কারাগারে অনশন করেন?
A. ৩২ দিন B. ৪৮ দিন C. ৫২ দিন D. ৩৮ দিন

ব্যাখ্যা : ৩৮ দিনের অনশনের পর কবির শাশুড়ি বিরজা সুন্দরী দেবীর অনুরোধে তাঁর হাতে লেবুজল পান করে নজরুল অনশন ভঙ্গ করেছিলেন। শেষ পর্যন্ত ১৯২৩ সালের ডিসেম্বর কবি কারামুক্ত হন।
**Ans : D.**

## English

*Read the following passage carefully and answer [Qq. 21-25]*

Until the discovery of the Indus Valley Civilization, the development of literature and culture in India was always credited to the Aryans. In 1920, archaeologists announced the discovery of extensive urban ruins in the Indus Valley which pre-dated the earliest archaeological sources. These ancient dwellers in India were Dravidians, and in fact, their culture had developed a highly sophisticated way of life. Archaeological evidence also shows that the Indus Valley culture moved from west to east, with sites towards Central and Southern India flourishing after Harappa and Mohenjodaro had declined. This civilization was thought to have been confined to the valley of the river Indus; hence the name given to it was Indus Valley Civilization. This civilization was a highly developed urban one and two of its towns, Mohenjodaro and Harappa, represent the high watermark of the settlements. Subsequent archaeological excavations established that the contours of this civilization were not restricted to the Indus Valley but spread to a wide area in northwestern and western India. Thus this civilization is now better known as the Harappan Civilization. Mohenjodaro and Harappa are now in Pakistan and the principal sites in India include Ropar in Punjab, Lothal in Gujarat and Kalibangan in Rajasthan. What we know of this ancient civilization is derived almost exclusively from archaeological data since every attempt to decipher the script used by these people has failed so far. Recent analyses of the order of the signs on the inscriptions have led several scholars to the view that the language is not of the Indo-European family. If it is related to any modern language family, it appears to be Dravidian akin to Old Tamil.

**21. Indus Valley Civilization is now being referred to as Harappan Civilization because**
A. traces of Indus Valley Civilization were found in Harappa of Pakistan.
B. it covers extensive areas of northwestern India.
C. it moved from west to east.
D. it had spread widely in northwestern and western parts of India.

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে এটি ব্যাপকভাবে ইন্ডিয়ার Northwestern এবং western parts এ বিস্তৃত হয়েছে। তাই, Indus valley civilization কে Harappan civilization নামে অভিহিত করা হচ্ছে।
**Ans : D.**

**22. According to the passage, which of the following ancient cities is located in Pakistan now?**
A. Kalibangan B. Harappa C. Lothal D. Ropar

ব্যাখ্যা : Passage অনুসারে- Mohenjodaro and Harappa are now in Pakistan. অতএব, উত্তরে Harappa হবে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**23. The limited knowledge about Indus Valley Civilization has come from archaeological data because the script could not be___.**

A. studied B. found C. decoded D. retrieved

ব্যাখ্যা : Study - পড়াশোনা করা। Find - খুঁজে পাওয়া।
Decode - পাঠোদ্ধার করা/সংকেতলিপির অর্থোদ্ধার করা।
Retrieve - পুনরুদ্ধার করা।
Passage এ বলা হয়েছে যে script (হস্তলিপি) ছিল তা decipher (পাঠোদ্ধার করা) করতে পারা যায়নি। তাই, সঠিক উত্তর হবে decode।
**Ans : C.**

**24. What does the underlined word 'Subsequent' mean in the passage?**

A. earlier B. following C. preceding D. attracting

ব্যাখ্যা : Subsequent - পরবর্তী, উত্তরকালীন (Following, next, after, posterior, returning, Regressive, Laggard)
**Ans : B.**

**25. Aryans were, according to the passage, wrongly credited with**

A. patronising literature and culture.
B. developing the caste system.
C. devising excellent street layout.
D. developing a sophisticated way of life.

ব্যাখ্যা : Passage এর প্রথম লাইন হচ্ছে-Untill the discovery of the Indus Valley civilization, the development of literature and culture in India was always credited to the Aryans, এখানে patronising literature and culture প্রয়োগ করলে অর্থ পূর্ণতা পাবে।
**Ans : A.**

**26. The sun appears to be shining on your computer screen. You can avoid the reflection of the sun shines ___ you close the curtains.**

A. even if B. in case C. provided D. unless

ব্যাখ্যা : **Provided (that):** শর্তে থাকে যে/এই শর্তে যে/যদি অর্থে provided (that) ব্যবহৃত হয়।
যেমন: The flight will take off provided that the weather is good.
প্রদত্ত প্রশ্নে that উহ্য আছে।
**Ans : C.**

**27. Sound : Cacophony::**

A. Touch : Massage B. Smell : Stench
C. Sight : Panorama D. Speech : Oration

ব্যাখ্যা : Sound (শব্দ): Cacophony (কর্কশ শব্দ)
Smell (সুগন্ধ): Stench (দুর্গন্ধ)
খারাপ sound (শব্দ) কে cacophony (কর্কশ শব্দ) বলে।
আবার, খারাপ smell (সুগন্ধ) কে stench (দুর্গন্ধ) বলে।
**Ans : B.**

**28. The jury got to the <u>crux</u> of the issue. What does the underlined word mean?**

A. outline B. opposite
C. crucial point D. unhealthy

ব্যাখ্যা : Crux-(জটিল সমস্যা, মূলকথা) এর meaning হলো - crucial point (গুরুত্বপূর্ণ বিষয়)।
**Ans : C.**

**29. What does the idiomatic expression 'to look into' mean?**

A. to observe B. to search
C. to peep D. to investigate

ব্যাখ্যা : look into- তদন্ত করা, অনুসন্ধান করা, পরীক্ষা করা (to investigate, Examine, Experiment, Inspect, Hunt)
**Ans : D.**

**30. Which of the following word is incorrectly spelt?**

A. Privilege B. occurrance
C. restaurant D. disappointment

ব্যাখ্যা : Occurrence হলো wrong. এটির correct spelling হলো Occurrence (সংঘটন, ঘটনা, ঘটা, ঘটন)।
**Some Important correct spellings:**
Occasion, Obscene, Omission, Overrun, Obedience, Neutral, Nuisance, Observance, Necessary etc.
**Ans : B.**

**31. What is the verb form of the word 'clear'?**

A. clearify B. clarity C. clarify D. clarification

ব্যাখ্যা : Clear (Adjective) - স্পষ্ট, স্বচ্ছ।
Clarify (Verb) - শোধন করা, নির্মল করা।
Clarity (Noun) - নির্মলতা, স্বচ্ছতা।
Clarification (Noun) - শোধন।
**Ans : C.**

**32. Jack: This student has circled the mistakes in the text, but he hasn't corrected them, so he'll only get half marks.**
**James: He____ the instructions properly.**

A. would rather not read B. needn't have read
C. shouldn't have read D. must not have read

ব্যাখ্যা : প্রদত্ত sentence -এর অর্থ বুঝাচ্ছে- তার নির্দেশনা ভালোভাবে পড়া উচিত ছিল। তাই অর্থ অনুযায়ী অপশন (C) -তে shouldn't না হয়ে should হলে সঠিক উত্তর হতো অপশন (C)।
**Ans : Blank.**

**33. What is the passive form of "They are going to build a new airport near the old one."?**

A. A new airport going to be built near the old one.
B. A new airport is being built near the old one.
C. A new airport will be built near the old one.
D. A new airport is going to be built near the old one.

ব্যাখ্যা : Active voice এ auxiliary + v + ing + to + $v_1$ থাকলে auxiliary + v + ing + to + be + $v_3$ হয়।
Active: They are going to build a new airport near the old one.
Passive: A new airport is going to be built near the old one.
**Ans : D.**

**34. He said to the interviewer, "Could you please repeat the question?" Make it indirect.**

A. He requested the interviewer if he could please repeat the question.
B. He requested the interviewer to please repeat the question.
C. He requested the interviewer to repeat the question.
D. He requested the interviewer if he repeats the question.

ব্যাখ্যা : Direct speech দেখতে Interrogative হলেও মূলত Direct থেকে Indirect করার সময়- Imperative sentence এর নিয়মে এর সমাধান করতে হবে। Reported Speech এর অর্থানুসারে ask, order, request, advice, command, beg প্রভৃতি ব্যবহার করতে হবে। যেহেতু Interviewer কে প্রশ্ন করা যায় না। তাই request ব্যবহৃত হবে।
**Ans : C.**

শিক্ষার সবকিছু দারুণ পাঠশালা

**35.** **The environmentalists warned consumers ___ purchasing genetically modified produce.**

A. with B. against C. on D. of

ব্যাখ্যা : Warn-against - ঝুঁকিপূর্ণ কিছু থেকে সতর্ক করা (to caution (someone) not to do something that is dangerous or risky.)
**Ans : B.**

**36.** **This material is ____ to be stitched together on a sewing machine.**

A. too delicate B. as delicately as
C. delicately enough D. such a delicate

ব্যাখ্যা : **Rule :** too + adjective + to + $v_1$ (base form)
এই নিয়মানুসারে- This material is too delicate to be stitched together on a sewing machine.
**Ans : A.**

**37.** **I wish my cousin would type his letters to me as his handwriting is ___ legible.**

A. merely B. bitterly C. slightly D. barely

ব্যাখ্যা : His handwriting is barely legible.
